# Hurricane Ida
# পুনরুদ্ধার সংস্থানসমূহ




জরুরীকালীন পরিস্থিতির জন্য **911**-এ কল করুন।
শহরের সংস্থানগুলি পাওয়ার জন্য **311** –এ কল করুন।

**NYC জরুরী পরিষেবা কেন্দ্রগুলি**

সম্প্রদায়ের সদস্য এবং অলাভজনক সংস্থানের সাথে যোগাযোগ করার জন্য নিউ ইয়র্ক সিটি প্রতিটি বোরোতে একটি জরুরী পরিষেবা কেন্দ্র খুলেছে। সেই জায়গাগুলি হলঃ

- ব্রনক্স – 2365 Waterbury Avenue, Bronx, NY 10462 (P.S. /M.S. 194)
- ব্রুকলিন – 71 Sullivan Street, Brooklyn, NY 11231 (P.S. 15)
- ম্যানহাটন – 215 W 114th Street, New York, NY 10026 (I.S. 88)
- কুইন্স – 4602 47th Avenue, Woodside, NY 11377 (M.S. 125)
- স্ট্যাটেন আইল্যান্ড – 80 Willowbrook Road, Staten Island, NY 10302 (I.S. 51)

কেন্দ্রটিতে যে পরিষেবাগুলি দেওয়া হয় তার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়ঃ

- SNAP সুবিধা, নগদ সহায়তা এবং জন স্বাস্থ্য বীমাতে তালিকাভুক্ত করার ব্যাপারে ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস সহায়তা করবে এবং জরুরী খাদ্য সহায়তার সাথে লোকেদের সংযুক্ত করতে সহায়তা করবে। তালিকাভুক্তিতে সহায়তার জন্য ইংরেজি এবং স্প্যানিশ ভাষা ভাষী পাওয়া যাবে।



- হাউজিং প্রিজার্ভেশন এন্ড ডেভেলপমেন্ট (আবাসন সংরক্ষণ এবং বিকাশ) বাড়ীর মালিকদের সংস্থানের বিষয়ে তথ্য সরবরাহ করবে এবং অনেকখানি ক্ষতি হলে ও তারা সেটা ফেরৎ দিতে পারবেন না মনে করলে কিভাবে একটি পরিদর্শন পাওয়ার ব্যাপারে এগোতে হবে সে বিষয়ে ভাড়াটেদের পরামর্শ দেবে। ডিপার্টমেন্ট ফর দ্য এজিং কেস পরিচালনা এবং সিনিয়র নিযুক্ত করায় সহায়তা করবে।
- মেয়র'স অফিস অব ইমিগ্র্যান্ট এফেয়ার্স (অভিবাসী সংক্রান্ত বিষয়ে মেয়রের দপ্তর) ভাষা এবং অভিবাসী সংক্রান্ত বিষয়ে সহায়তা করবে।
- যেসব ক্ষুদ্র ব্যবসার মালিকেরা ঝড় দ্বারা প্রভাবিত হয়েছেন তাদের স্মল বিজনেস সার্ভিসেস (ক্ষুদ্র ব্যবসা পরিষেবা) সহায়তা করবে।
- যে বাসিন্দাদের বাড়িতে এখনও জল দাঁড়িয়ে আছে তাদের জন্য পাম্প দিয়ে বের করার সহায়তার জন্য রেফারেল এবং তথ্য।
- ডিপার্টমেন্ট অব বিল্ডিংস ক্ষতিগ্রস্ত কাঠামো, মেরামত করা বা সংস্কার করা সম্পর্কে জনসাধারণের প্রশ্নের উত্তর দিতে পারবে এবং DOB-র কাছে নির্মাণ প্রকল্প জমা দেওয়া সম্পর্কে নির্দেশনা সরবরাহ করতে পারবে।
- ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড মেন্টাল হাইজিন মানসিক স্বাস্থ্যের পরামর্শ প্রদান করবে।
- রেফারেল, জরুরি সরবরাহ বিতরণ, এবং সাহায্যের জন্য আবেদন করা - এবং মানসিক স্বাস্থ্য পরামর্শ সহ গ্রেটার নিউইয়র্কে আমেরিকান রেড ক্রস দুর্যোগ ত্রাণ ব্যবস্থাপনায় সহায়তা করবে।

FEMA **দুর্যোগ সহায়তা খোলা আছে**

এখন আপনি অনলাইনে disasterassistance.gov –এ সহায়তার জন্য আবেদন করতে এবং আপনার কেস (বিষয়টি) কোন অবস্থায় আছে তা দেখতে পারেন।

আপনি একবার FEMA-র সহায়তার জন্য আবেদন করলে আপনার কেস (বিষয়) পর্যালোচনা করা হবে। আমাদের এজেন্টরা আপনার ক্ষতির মূল্যায়নের বিষয়ে তথ্য সরবরাহ করতে পারবেন না। আপনার ক্ষতির মূল্যায়ন করার জন্য একটি তারিখ ঠিক করতে একজন FEMA পরিদর্শক আপনাকে কল করবেন। অনুগ্রহ করে আপনার কেসের স্থিতি অনলাইনে পর্যবেক্ষণ করা অব্যহত রাখুন। FEMA হেল্পলাইন এজেন্টদের সপ্তাহে 7 দিন সকাল 7টা থেকে দুপুর 1টা ET পর্যন্ত পাওয়া যাবে।

- 1-800-621-3362 (711 বা VRS উপলব্ধ)
- TTY 1-800-462-7585
- আপনি একটি রিলে পরিষেবা ব্যবহার করলে (একটি ভিডিওফোন, InnoCaption, CapTel, ইত্যাদি) অনুগ্রহ করে সেই পরিষেবাতে বরাদ্দ করা আপনার নম্বরটি সরবরাহ করুন। FEMA আপনার সাথে যেন যোগাযোগ করতে পারে। জেনে রাখুন যে, FEMA থেকে ফোন কলগুলি একটি অপরিচিত নম্বর থেকে আসে।

**ট্রান্সিশনাল শেল্টারিং অ্যাসিস্ট্যান্স** (TSA) **হোটেল লোকেটার**

অংশগ্রহণ করার জন্য আপনার FEMA রেজিস্ট্রেশন ID এবং FEMA-র অনুমোদন অবশ্যই থাকতে হবে। femaevachotels.com –এ অংশগ্রহণকারী হোটেল খুঁজুন। আপনি সপ্তাহে 7 দিন সকাল 7টা থেকে দুপুর 1টা E.T পর্যন্ত FEMA হেল্পলাইনেও কল করতে পারেন।

- 1-800-621-3362 (711 বা VRS উপলব্ধ)
- TTY 1-800-462-7585
- আপনি একটি রিলে পরিষেবা ব্যবহার করলে (একটি ভিডিওফোন, InnoCaption, CapTel, ইত্যাদি) অনুগ্রহ করে সেই পরিষেবাতে বরাদ্দ করা আপনার নম্বরটি সরবরাহ করুন। FEMA আপনার সাথে যেন যোগাযোগ করতে পারে। জেনে রাখুন যে, FEMA থেকে ফোন কলগুলি একটি অপরিচিত নম্বর থেকে আসে।

**ক্ষতি রিপোর্ট করা এবং তাৎক্ষণিক প্রয়োজনগুলি**

- NYC ড্যামেজ রিপোর্ট ওয়েবসাইট: www1.nyc.gov/site/severeweather/resources/report-damage.page ব্যবহার করে গাছ পড়ে যাওয়া, ক্ষতিগ্রস্ত রাস্তা বা অন্যান্য বিপজ্জনক অবস্থার মত যেকোন ক্ষতি রিপোর্ট করুন।
- NYC ওয়াটার ড্যামেজ বা লস ক্লেম ফর্ম পূরণ করুন বা action@comptroller.nyc.gov –এ ইমেল করুন।
- যাদের অস্থায়ী আশ্রয় প্রয়োজন, তারা 877-733-2767 –এ রেড ক্রসের সাথে যোগাযোগ করতে পারেন বা 311 কল করতে পারেন।
- যদি আপনি কোন বন্যার সম্মুখীন হন যাতে নর্দমার নোংরা আছে, অনুগ্রহ করে অবিলম্বে ডিপার্টমেন্ট অব এনভায়রোমেন্টাল প্রোটেকশন-এ রিপোর্ট করুন: portal.311.nyc.gov/article/?kanumber=KA-01510

**ফ্লাড ইন্স্যুরেন্স ক্লেম (বন্যা বীমা দাবী)**

- নিউ ইয়র্কের ডিপার্টমেন্ট অব ফাইন্যান্স-এ আপনার বীমাকারীর কাছে কীভাবে দাবী দাখিল করতে হয় তার একটি সহায়ক নির্দেশিকা রয়েছে: dfs.ny.gov/consumers/help_for_homeowners/disaster_flood
- বন্যা বীমা বোঝার জন্য FEMA-র নির্দেশিকা: floodsmart.gov/how/what-is-covered

**বাড়ীর মেরামতি**

- নিম্ন আয়ের বাড়ীর মালিকরা NYC- এর HomeFix (হোমফিক্স) প্রোগ্রামের homefixnyc.org/overview মাধ্যমে কম বা সুদহীন ঋণের জন্য যোগ্যতা অর্জন করতে পারেন।
- নিম্ন আয়ের সিনিয়ররা NY- এর RESTORE (রিস্টোর) প্রোগ্রামের hcr.ny.gov/restore-program মাধ্যমে জরুরী মেরামতি করার সহায়তার জন্য যোগ্যতা অর্জন করতে পারেন।

**অন্যান্য সংস্থানসমূহ**

- রেড ক্রস বাড়ীর জন্য বন্যা কিট (ফ্লাড কিট) সরবরাহ করছে, অনুগ্রহ করে 877-733-2767 এ কল করুন